

■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৫৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৩]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৩: সবর (ধৈর্যের) বিবরণ

(3) _ باب الصبر

আরবী

وعن أبي إبراهيم عبد الله بن أبي أوفى رضي الله عنهما أن رسول الله صلى الله عليه وسلم في بعض أيامه التي لقي فيها العدو، انتظر حتى إذا مالت الشمس قام فيهم فقال: "يا أيها الناس لا تتمنوا لقاء العدو، واسألوا الله العافية، فإذا لقيتموهم فاصبروا، واعلموا أن الجنة تحت ظلال السيوف" ثم قال النبي صلى الله عليه وسلم: "اللهم منزل الكتاب ومجري السحاب، وهازم الأحزاب، اهزمهم وانصرنا عليهم" (متفق عليه) وبالله التوفيق.

বাংলা

২৯/৫৪। আবৃ ইব্রাহীম আব্দুল্লাহ ইবনু আবী আওফা রাদিয়াল্লাহু 'আনহু বলেন, শক্রর সাথে মোকাবেলার কোন এক দিনে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অপেক্ষা করলেন (অর্থাৎ যুদ্ধ করতে বিলম্ব করলেন)। অবশেষে যখন সূর্য ঢলে গেল, তখন তিনি লোকদের মধ্যে দাঁড়িয়ে বললেন, "হে লোকেরা! তোমরা শক্রর সঙ্গে সাক্ষাৎ (যুদ্ধ) কামনা করো না এবং আল্লাহর কাছে নিরাপত্তা চাও। কিন্তু যখন শক্রর সামনা-সামনি হয়ে যাবে, তখন তোমরা দৃঢ়তার সাথে যুদ্ধ কর! আর জেনে রেখো যে, জান্নাত আছে তরবারির ছায়ার নীচে।" অতঃপর তিনি দো'আ করে বললেন, "হে কিতাব অবতীর্ণকারী, মেঘ সঞ্চালনকারী এবং শক্রসকলকে পরাজিতকারী! তুমি তাদেরকে পরাজিত কর এবং তাদের মুকাবিলায় আমাদেরকে সাহায্য কর।"[1]

English

(3) Chapter: Patience and Perseverance

'Abdullah bin Abu Aufa (May Allah be pleased with him) reported:
The Messenger of Allah (ﷺ) at one time when he confronted the enemy, and was waiting for the sun to set, stood up and said, "O people! Do not long for encountering the enemy and supplicate to Allah to grant you security. But



when you face the enemy, show patience and steadfastness; and keep it in mind that Jannah lies under the shade of the swords." Then he invoked Allah, saying, "O Allah, Revealer of the Book, Disperser of the clouds, Defeater of the Confederates, put our enemy to rout and help us in over-powering them".

[Al- Bukhari and Muslim].

ফুটনোট

[1] সহীহুল বুখারী ২৮১৯, ২৮৩৩, ২৯৩৩, ২৯৬৬, ৩০২৪, ৩০২৬, ৪১১৫, ৬৩৯২, ৭২৩৭, ৭৪৮৯, মুসলিম ১৭৪১, ১৭৪২, তিরমিয়ী ১৬৭৮, আবু দাউদ ২৬৩১, ইবনু মাজাহ ২৭৯৬, আহমাদ ১৮৬২৮, ১৮৬৫০, ১৮৬১০, ১৮৯১৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন